96604 - যে ব্যক্তি তার স্ত্রীকে বলছে: পবিত্র হওয়ার পর তুমি নিজিকে তালাক্বপ্রাপ্তা মনে কর

প্রশ্ন

আমার সাথে আমার স্ত্রীর ঝগড়া হয়েছিল। সে সময় সে হায়যে অবস্থায় ছিল। তখন আমি তাকে বলেছি: "পবিত্র হওয়ার পর তুমি নিজিকে তালাক্বপ্রাপ্তা মনে কর"। আমার নিয়তে ছিল পবিত্র হওয়ার পর তাকে তালাক্ব দিব। পবিত্র হওয়ার পর আমি তাকে তালাক্ব দিইনি এবং স্পর্শও করিনি। আমি মনে মনে বলছি: যদি তালাক্ব হয়ে থাকে তাহলে আমি তাকে ফিরিয়ে নিলাম। এই ভাষ্যে কি তালাক্ব পতিত হয়?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

যেহেতু আপনার নিয়তে ছিল যে, পবিত্র হওয়ার পর আপনি তাকে তালাক্ব দিবেন। কিন্তু আপনি তালাক্ব দেননি। সুতরাং এই ভাষ্যে তালাক্ব পতিত হবে না।

আমরা আপনার এই প্রশ্নটি শাইখ ড. খালেদ আল-মুশাইকিহ (হাফিযাহুল্লাহ) এর কাছে পেশ করেছি। তিনি জবাব দিয়েছেন যে, "আলহামদু লিল্লাহ। এ ধরণের ব্যক্তির তালাক্ব পতিত হবে না। যেহেতু তার নিয়ত হচ্ছে ভবিষ্যতে তালাক্ব দেয়া; কিন্তু সে তালাক্ব দেয়নি।"[সমাপ্ত]

আল্লাহই সর্বজ্ঞ।